দৈনিক জনকণ্ঠ

তারিখ ...

পৃষ্ঠা ৭ কলাম ৪

SEP 15 2002

জনকণ্ঠ

# ঢাবি শিক্ষক সমিতির সভায় তুমুল হট্টগোল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ তুমুল হট্টগোলের মধ্য দিয়ে শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে অতিরিক্ত পুলিশ-বিডিআর প্রত্যাহার এবং বহিরাগত সন্ত্রাসীদের প্রবেশ নিষিদ্ধ করার দাবি জানিয়েছে ঢাবি শিক্ষক সমিতি। দীর্ঘ চার ঘন্টা ধরে সভাশেষে এই দাবি জানানোর সিদ্ধান্ত হয়। সভায় অনতিবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায়

*(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)*

প্রাণশক্তি

## ঢাবি শিক্ষক সমিতির

*(প্রথম পাতার পর)*

রাখা এবং ছাত্রছাত্রী ও শিক্ষকদের বিরুদ্ধে দায়েরকৃত সকল মামলা প্রত্যাহারের দাবি জানানো হয়।

সমিতির ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক আবুল খায়েরের সভাপতিত্বে বিকাল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত সভা অনুষ্ঠিত হয়। সভার শুরু থেকেই আওয়ামী লীগ সমর্থিত শিক্ষকদের সঙ্গে বিভিন্ন বক্তব্য নিয়ে সরকার সমর্থক শিক্ষকদের মধ্যে তীব্র বাকবিতণ্ডা হয়। ব্যাপক উত্তেজনার মধ্যে সভা অনুষ্ঠিত হলেও কোন অঘটন ছাড়াই সভা শেষ হয়। শিক্ষক সমিতির সভার আগে সিন্ডিকেট সভায় বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার তারিখ ঘোষণা করায় সভার গুরুত্ব অনেকটা কমে যায়।